# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৯৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮৪]

৪। সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. রুকু’-সাজদায় যা বলতে হবে

باب مَا يُقَالُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

حَدَّثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ زُهَيْرٌ حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ أَبِي الضُّحَى، عَنْ مَسْرُوقٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُكْثِرُ أَنْ يَقُولَ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ " سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي " . يَتَأَوَّلُ الْقُرْآنَ .

বাংলা

৯৭২-(২১৭/৪৮৪) যুহায়র ইবনু হারব ও ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ..... ’আয়িশাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রুকু’-সাজদায় এ দু’আ অধিক পরিমাণে পাঠ করতেন : “সুবহ-নাকা আল্লহুম্মা রব্বানা- ওয়াবি হামদিকা আল্লাহুম্মাগ ফিরলী”। অর্থাৎ "হে আল্লাহ! হে আমার প্রতিপালক! তোমার প্রশংসার সাথে পবিত্রতা ঘোষণা করছি। হে আল্লাহ! তুমি আমাকে ক্ষমা করে দাও।” তিনি কুরআনের উপর ’আমল করতেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৯৬৭, ইসলামিক সেন্টারঃ ৯৭৮)*

## English

'A'isha reported:
The Messenger of Allah (may peace be upon him') often said while bowing and prostrating himself:" Glory be to Thee, O Allah, our Lord, and praise be to Thee, O Allah, forgive me," thus complying with the (command in) the Qur'an.

ফুটনোট

* পবিত্র কুরআনে সূরাহ আন নাসর-এর ৩ নং فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ আয়াতের উপর আমল করে উক্ত দু’আ তিনি রুকু ও সাজদাতে পড়তেন।

## হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর অনুসরণ করে এই দোয়াটি রুকূ এবং সিজদাতে পাঠ করা উচিত:

"سُبْحَانَكَ اَللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ، اَللَّهُمَّ اغْفِرْ لِيْ".

২। রুকূ ও সিজদাতে দোয়া এবং তাসবীহ পাঠ করার বিষয়টি আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর কর্ম দ্বারা প্রমাণিত হয়েছে।

৩। রুকূ ও সিজদাতে অনেক রকম দোয়া এবং তাসবীহ পাঠ করার বিষয়টি আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] থেকে সাব্যস্ত হয়েছে। কিন্তু এখানে এই বিষয়টিকে অতি সংক্ষেপে পেশ করা হল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47725

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন